# শাকিব খানের ‘বরবাদ’ শুটিং সেটে হাজির বলিউড নির্মাতা মহেশ ভাট

written by Chandradip News24 | October 27, 2024



চন্দ্রদ্বীপ ডেস্ক :: মুম্বাইয়ে চলছে ঢাকাই সিনেমার সুপারস্টার শাকিব খানের নতুন ছবি ‘বরবাদ’-এর শুটিং। বৃহস্পতিবার (২৪ অক্টোবর) মুম্বাইয়ের এক স্টুডিওতে এই শুটিং সেটে হাজির হন বলিউডের বিখ্যাত পরিচালক মহেশ ভাট। নির্মাতা মেহেদী হাসান হৃদয়ের সঙ্গে মহেশ ভাটের সাক্ষাৎ হয় এবং এক হৃদয়স্পর্শী মুহূর্তে হৃদয়কে আলিঙ্গন করেন ও গালে চুম্বন দেন মহেশ ভাট।

মেহেদী হাসান হৃদয় এই মুহূর্তটির ছবি ফেসবুকে পোস্ট করার সঙ্গে সঙ্গেই তা সামাজিক যোগাযোগ মাধ্যমে ছড়িয়ে পড়ে। শাকিবের শুটিংয়ে মহেশ ভাটের উপস্থিতি অনেককেই বিস্মিত করেছে, অনেকেই শাকিবকে বলিউডের মূলধারায় দেখার অপেক্ষায় আছেন। জানা যায়, শুটিং সেটে শাকিব খানও উপস্থিত ছিলেন এবং তার সঙ্গেও মহেশ ভাট দীর্ঘক্ষণ আলোচনা করেন, তবে তাদের কথোপকথনের বিস্তারিত জানা যায়নি।

‘বরবাদ’ সিনেমাটি রোম্যান্টিক ও অ্যাকশন ধাঁচের এবং বেশিরভাগ শুটিং হবে মুম্বাইয়ে। এই সিনেমায় শাকিবের নায়িকা হিসেবে আছেন

ইধিকা পাল এবং পশ্চিমবঙ্গের জনপ্রিয় অভিনেতা যীশু সেনগুপ্তও অভিনয় করছেন। ‘বরবাদ’ সিনেমাটি আগামী বছরের একটি উৎসবে মুক্তি পাওয়ার সম্ভাবনা রয়েছে।